

মেলভিল ডিউই'র মডেল অ্যাক্শেশান-ক্যাটালগ – প্রায় দেড় শতাব্দী পরে ফিরে দেখা

ডঃ সুবল চন্দ্র বিশ্বাস

গ্রন্থাগারিক, কেন্দ্রীয় গ্রন্থাগার, ডঃ বি. সি. রায় ইঞ্জিনিয়ারিং কলেজ, দুর্গাপুর – ৭১৩২০৬

প্রাক্তন অধ্যাপক, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয়

ভূমিকা

১৮৭৬ খ্রিষ্টাব্দকে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানের জগতে একটি যুগান্তকারী বর্ষ বলে গণ্য করা হয়। কারণ সম্ভবত চারটি। প্রথমত, আমেরিকান গ্রন্থাগারিক মেলভিল ডিউই (Melvil Dewey) তাঁর দশমিক বর্গীকরণ ব্যবস্থার প্রথম প্রকাশ করেন। যা বর্তমানে 'ডিউই দশমিক বর্গীকরণ' (ইংরেজিতে Dewey Decimal Classification বা DDC নামে সর্বজনবিদিত এবং সমগ্র পৃথিবীর প্রায় দেড়শত দেশের গ্রন্থাগারে ব্যবহৃত) নামে পরিচিত।^[6] দ্বিতীয়ত, ডিউই'র সমসাময়িক অপর এক আমেরিকান গ্রন্থাগারিক চার্লস অ্যাম্মি কাটার (Charles Ammi Cutter) কর্তৃক প্রথম সুসংহত সূচিকরণ সংহিতারূপে Rules for a Printed Dictionary Catalogue এর প্রকাশ। পরবর্তীকালে printed শব্দটি বাদ দেওয়া হয় এবং catalogue এর পরিবর্তে সরলীকৃত মার্কিন বানান catalog ব্যবহৃত হয়। ফলে আমরা এটিকে Rules for a Dictionary Catalog বা RDC রূপে জানি। মার্কিন জাতীয় গ্রন্থাগার লাইব্রেরি অব্ কংগ্রেস সহ আমেরিকা তথা বিশ্বের বিভিন্ন দেশে গ্রন্থাগারে সূচিকরণের বিবর্তনে RDC-র প্রভাব আজও অনস্বীকার্য। তৃতীয়ত, মার্কিন গ্রন্থাগার পরিষদ (American Library Association বা ALA) -এর প্রতিষ্ঠাও এই বছরেই হয়। ALA বর্তমানে বিশ্বের গ্রন্থাগারিকদের সর্ববৃহৎ সংগঠন। চতুর্থত, ডিউই, কাটার এবং আরো অনেকের উদ্যোগে ALA-র মুখপত্ররূপে The American Library Journal শীর্ষক পত্রিকার প্রকাশ (চিত্র সং ১)। যদিও প্রতিষ্ঠা বার্ষিকীতেই এর নাম পরিবর্তিত করে The Library Journal করা হয় (চিত্র সং ২) এবং পরবর্তীকালে The শব্দটিকেও নাম থেকে বাদ দিয়ে শুধুমাত্র Library Journal নামে আজও এটি প্রকাশিত হয়ে চলেছে। আবার প্রথম খণ্ডের আখ্যাপত্রে মুদ্রিত ছিল "Journal of the American Library Association," কিন্তু তৃতীয় খণ্ডের প্রথম সংখ্যা (জানুয়ারি ১৮৭৮ খ্রিঃ) থেকে সপ্তম খণ্ডের ষষ্ঠ সংখ্যা (জুন ১৮৮১ খ্রিঃ) পর্যন্ত আখ্যাপত্রে তার পরিবর্তে লেখা হয়েছিল "Official organ of the library associations of America and of the United Kingdom"।^[10] তার অব্যবহিত পরবর্তী সংখ্যা থেকে পুনরায় লেখা হতে থাকে "Official organ of the American Library Association"। এই পরিবর্তনের কারণ কী তা জানা যায় না।